# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪০৯২

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/৩৫. ভয়ংকর যুদ্ধ-সংঘর্ষ সম্পর্কে

## بَاب الْمَلَاحِمِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، وَإِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ، قَالاَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي مَرْيَمَ، عَنِ الْوَلِيدِ بْنِ سُفْيَانَ بْنِ أَبِي مَرْيَمَ، عَنْ يَزِيدَ بْنِ قُطَيْبٍ السَّكُونِيِّ، ـ وَقَالَ الْوَلِيدُ يَزِيدُ بْنُ قُطْبَةَ ـ عَنْ أَبِي بَحْرِيَّةَ، عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ، عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ ‏"‏ الْمَلْحَمَةُ الْكُبْرَى وَفَتْحُ الْقُسْطُنْطِينِيَّةِ وَخُرُوجُ الدَّجَّالِ فِي سَبْعَةِ أَشْهُرٍ ‏"‏ ‏.‏

বাংলা

৫/৪০৯২। মুআয ইবনে জাবাল (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ঘোরতর যুদ্ধ,কনস্টান্টিনোপল বিজয় এবং দাজ্জালের আবির্ভাব সাত মাসের মধ্যে হবে।

## English

It was narrated from Mu'adh bin Jabal that the Prophet (ﷺ) said:
"The great fierce battle, the conquest of Constantinople and the emergence of Dajjal, will all happen within seven months."

ফুটনোট

তিরমিযী ২২৩৮, আবূ দাউদ ৪২৯৫, আবু দাউদ ৪২৯৫, মিশকাত ৫৪৫২, যইফ আল-জামি' ৫৯৪৫। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. ইসমাঈল বিন আয়্যাশ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, আহলে শাম থেকে হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। আলী ইবনুল মাদীনী, ইবনু আবু শায়বাহ, আমর ইবনুল ফাল্লাস ও দুহায়ম বলেন, শাম শহর থেকে হাদিস বর্ণনায় তিনি সিকাহ কিন্তু অন্য শহর থেকে হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭২, ৩/১৬৩ নং পৃষ্ঠা) ২. আবু বাকর বিন আবু মারায়ম সম্পর্কে আবু বাকর আল-

বায়হাকী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রাযী ও আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল। ইবরাহীম বিন ইয়াকুব আল-জাওযুজানী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭২৪১, ৩৩/১০৮ নং পৃষ্ঠা) ৩. আল-ওয়ালীদ বিন সুফইয়ান বিন আবু মারইয়াম সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান তার সিকাহ গ্রন্থে উল্লেখ করে বলেন, তিনি ইয়াযীদ বিন কুতায়ব থেকে ও তার থেকে আবু বাকর বিন আবু মারায়ম হাদিস বর্ণনা করেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৭০৬, ৩১/১৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45057

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন